

স্মারক নং-৪৬.০০.০১০০.০১৭.২৭.০০৩.১৭. ২০১৫

তারিখ : ০৭ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ।  
২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন


যেহেতু, বাগেরহাট জেলার রামপাল উপজেলার বাইনতলা ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য গাজী নাজমুল হক এর বিরুদ্ধে বাগেরহাট থানার মামলা নং-০৭, তারিখ : ২৯/০৬/২০১৬ তদন্তে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট আমলে গ্রহণ করা হয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, বাগেরহাট কর্তৃক উক্ত সদস্যকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িক বরখাস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্যের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক আমলে গ্রহণ করায় এবং তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, বাগেরহাট জেলার রামপাল উপজেলার বাইনতলা ইউনিয়ন পরিষদের ০৮নং ওয়ার্ডের সদস্য গাজী নাজমুল হক এর বিরুদ্ধে বাগেরহাট থানার মামলা নং-০৭, তারিখ : ২৯/০৬/২০১৬ তদন্তে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট আমলে গ্রহণ করায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিষয় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০১০০.০১৭.২৭.০০৩.১৭. ২০১৫

তারিখ : ০৭ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ।  
২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। গাজী নাজমুল হক (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ০৮নং ওয়ার্ড, ০৩নং বাইনতলা ইউনিয়ন পরিষদ, রামপাল, বাগেরহাট।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব